# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১১৯/১৮৭

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন নাওড়া নাছিরীয়া দাখিল মাদ্রাসার সুপার (ইআইআইএন-১২২৬৮০) সুপারের বিরুদ্ধে প্রস্তাবিত ম্যানেজিং কমিটির ভূয়া দাতা সদস্য করেছেন মর্মে মোঃ নজরুল ইসলাম একটি অভিযোগ দাখিল করেছেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২-১২-২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-১১৯/১৮৭

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, নাওড়া নাছিরীয়া দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;
৫. সভাপতি/পরিচালনা কমিটি, নাওড়া নাছিরীয়া দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;
৬. জনাব জনাব মো: নজরুল ইসলাম (অভিযোগকারী), ডাকঘর: ধামশ্রেনী, উলিপুর, কুড়িগ্রাম;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০২/১২/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Jasim Desktop\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জসীম.doc

তারিখ: ২০/১০/২০২৫ইং

বরাবর,

রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশীবাজার, ঢাকা-১২১১।

বিষয় : অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ নজরুল ইসলাম, পিতা: মৃত হোসেন আলী সুফী, গ্রাম: নাওড়া, ডাকঘর: ধামশ্রেণী, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম। এই মর্মে অভিযোগ করিতেছি যে, কুড়িগ্রাম জেলাধীন উলিপুর উপজেলার অন্তর্গত "নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসা" EIIN NO-১২২৬৮০ এর এডহক কমিটি গত ১৩/০৫/২০২৫ইং তারিখে আপনার বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। যাহার স্মারক নং-২৩১২৫১২২৬৮০১/১০৮১১৯/নথি নং-১১৯ (কপি সংযুক্ত)। গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধান মালা-২০০৯ (সংশোধিত-২০১২) মোতাবেক মেয়াদ উত্তীর্নের ৮০ দিন পূর্বে খসড়া ও চূড়ান্ত ভোটার তারিখা প্রস্তুত করতঃ শ্রেণী কক্ষে নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়ার বিধান থাকিলেও সুপার মোঃ আব্দুর রাজ্জাক চালাকী করিয়া ভূয়া দাতা সদস্য হিসাবে মোঃ মোজাম্মেল হক এর নাম অন্তর্ভূক্ত করিয়া দাতা সদস্য হিসাবে নির্বাচিত করার পায়তারা করেন। কিন্তু উক্ত মোজাম্মেল হক এর পিতা মৃত্যুগত হইলে আমিসহ তাহার ০৭ (সাত) জন ভ্রাতার অজান্তে ভূয়া অছিয়ত নামা দিয়া তিনি দাতা সদস্য অন্তর্ভূক্ত করেন। মূলতঃ বিধি মোতাবেক ব্যাংকের হিসাবে বা নগদ চেকের মাধ্যমে কোন টাকা প্রদান করেন নাই। যাহা ব্যাংক ষ্টেটমেন্ট যাচাই করিলে প্রমাণিত হইবে। উক্ত ভূয়া দাতা সদস্য মোঃ মোজামেল হক এর নাম দাতা সদস্য হিসাবে ভোটার তারিকায় বাদ দেয়ার জন্য এবং তদন্ত সাপেক্ষে প্রমানিত না হওয়া পর্যন্ত প্রিজাইডিং কর্মকর্তা নিয়োগ না করার জন্য গত ২৫/০৮/২০২৫ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম বরাবর ০১ (এক) খানা অভিযোগ দাখিল করি (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগের তদন্তভার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম কে প্রদান করা হইলে তিনি গত ১১/০৯/২০২৫ইং তারিখে উভয় পক্ষের শুনানী করেন। উক্ত শুনানীতে আমি টাকা জমা করার ব্যাংক ষ্টেটমেন্ট ও তাহার নামীয় জমা রশিদ নাই মর্মে উল্লেখ করে জবাব প্রদান করি (কপি সংযুক্ত)। কিন্ত অসাধু কর্মকর্তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোটা অংকের টাকার বিনিময়ে সুপারকে প্রতিবেদন প্রদান করেন (কপি সংযুক্ত)। তদন্ত কর্মকর্তা বিধি বহির্ভূত ও জাল রশিদ সৃজন করা কাগজের উপর ভিত্তি করতঃ ব্যাংক ষ্টেটমেন্ট না নিয়া প্রতিবেদন প্রদান করেন গত ০৭/১০/২০২৫ইং। এমতাবস্থায় আমার অভিযোগ কমিটির মেয়াদ আর মাত্র ১২/১১/২০২৫ইং তারিখ পর্যন্ত মোট ২২ দিন থাকায় ভূয়া দাতা ও ভোটার তালিকার মাধ্যমে গোপনে কমিটি যাতে করিতে না পারে, তাই আমার অভিযোগ।

অতএব, মহোদয়ের নিকট আমার আকুল আবেদন অনুগ্রহ পূর্বক জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম অথবা জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের মাধ্যমে সরেজমিন তদন্ত পূর্বক ভূয়া দাতা সদস্য মোঃ মোজাম্মেল হক এর নাম বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে জনাবের মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ নজরুল ইসলাম

মোঃ নজরুল ইসলাম
অভিভাবক সদস্য
নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।
মোবাঃ ০১৭২৪১২৩৪৬৭

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা**
[illegible] রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
Website: [illegible] E-mail: [illegible] Fax: 58616681, 58617904, 9615576

নং বামাশিবো/প্রশা/231251226801/108119/নথি নং -119

তারিখ 13-05-2025 খ্রিঃ

**প্রজ্ঞাপন**

**বিষয়ঃ সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রসংগে।**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর ৩৯ প্রবিধান অনুসারে KURIGRAM জেলার ULIPUR উপজেলা/থানার NAWRA NASIRIA DAKHIL MADRASAH পরিচালনার জন্য নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে পত্র ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন দেয়া হলো।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| 1 | মোঃ নুরুন্নবী সরকার | সভাপতি |
| 2 | হাসিনা বেগম | সাধারণ শিক্ষক সদস্য |
| 3 | মোঃ আজিজুর রহমান | অভিভাবক সদস্য |
| 4 | মোঃ আব্দুর রাজ্জাক | সদস্য সচিব |

**বিশেষ দ্রষ্টব্য;**

ক. মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ডের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৩৮ অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।

খ. বর্তমান এডহক কমিটির সময়সীমার মধ্যে বিধি মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

গ. আগামী পরীক্ষার ফলাফল গুনগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে এবং প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য কমিটিকে দায়িত্ব পালন করতে হবে।

**চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে**

(প্রফেসর মো: আবদুছ ছাত্তার মিয়া)
রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং বামাশিবো/প্রশা/231251226801/108119/নথি নং -

তারিখ: 13-05-2025 খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল;

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৪. জেলা প্রশাসক KURIGRAM
৫. উপজেলা নির্বাহী অফিসার ULIPUR, KURIGRAM
৬. জেলা শিক্ষা অফিসার KURIGRAM
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ULIPUR, KURIGRAM
৮. সভাপতি এডহক কমিটি NAWRA NASIRIA DAKHIL MADRASAH, ULIPUR, KURIGRAM
৯. অধ্যক্ষ/সুপার/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার NAWRA NASIRIA DAKHIL MADRASAH, ULIPUR, KURIGRAM
১০. ম্যানেজার সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক __________ শাখা, ULIPUR, KURIGRAM
১১. অফিস কপি।

(মো: আব্দুর রশিদ)
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৬৬৬ ২৫/৮/২৫

তারিখ: ২৪/০৮/২০২৫ইং
বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

বিষয়: নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে ভুয়া দাতা সদস্য হিসাবে তালিকা অন্তর্ভুক্তির অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ নজরুল ইসলাম, পিতা: মৃত হোসেন আলী সুফি, গ্রাম: নাওড়া, ডাকঘর: ধামশ্রেণি, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম। জাতীয় পরিচয় পত্র নং- ৪৬০৮০৩৬১০১, অভিভাবক (নামিরা তানজুম, শ্রেণি: ১ম, রোল নং- ১৫, ভোটার নং-৪১৬(কপি সংযুক্ত-১) এই মর্মে অভিযোগ করিতেছি যে, কুড়িগ্রাম জেলাধীন উলিপুর উপজেলার অন্তর্গত নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসা, ধামশ্রেণি, উলিপুর, কুড়িগ্রাম। EIIN No-১২২৬৮০ এর এডহক কমিটি গত ১৩/০৫/২০২৫ইং তারিখে বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। যাহার স্মারক নং- ২৩১২৫১২২৬৮০১/১০৮১১৯/নথি নং-১১৯ (কপি সংযুক্ত-২)। বিধি মোতাবেক এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৮০ দিন পূর্বে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত করতঃ অনুমোদনের পর মাদ্রাসার নোটিশ বোর্ডে টাঙ্গানো এবং শিক্ষার্থীদের শ্রেণি কক্ষে পাঠ করিয়া শুনানোর বিধান থাকিলেও বর্তমান সুপার মোঃ আব্দুর রাজ্জাক চতুরতার সহিত শ্রেণি কক্ষে পাঠদান না করাইয়া ২১/০৮/২০২৫ইং তারিখে মাদ্রাসার নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া পরবর্তীতে নিজেই ছিড়িয়া ফেলেন। উক্ত ভোটার তালিকায় দাতা সদস্য হিসাবে মোঃ মোজাম্মেল হক, পিতা: মৃত হোসেন আলী সুফি, গ্রাম: নাওড়া, ডাকঘর: ধামশ্রেণি, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রামকে দেখানো হয়েছে। মূলত: তাহার পিতা উক্ত মাদ্রাসায় ০২টি দলিল মূলে ০.৭৩ (তেপ্পাত্তুর) শতাংশ জমি দান করিয়াছেন। যাহার দলিল নং- ১৬৫১৩, তারিখ- ১৮/১০/১৯৭৫ইং, ১৩৬৬৯, তারিখ- ৩১/১২/১৯৭৯ইং। উক্ত মাদ্রাসার জমি দাতা মৃত হোসেন আলী সুফি গত ১৮/০৪/১৯৮৮ইং তারিখে মৃত বরণ করায় তাহার দাতা সদস্য পদটি বিলুপ্ত হইয়াছে। কিন্তু ভোটার তালিকা অন্তর্ভুক্ত মোঃ মোজাম্মেল হক মাদ্রাসার দাতা সদস্য হিসেবে কোন টাকা/সম্পত্তি দান করেন নাই। এমতাবস্থায় সুপার ও সভাপতি কর্তৃক অনুমোদিত ভোটার তালিকায় (কপি সংযুক্ত-৩) ভুয়া দাতা সদস্য জনাব মোজাম্মেল হককে অন্তর্ভুক্ত করায় গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধান মালা-২০০৯ (সংশোধিত ২০১২) এর ১০নং ধারার (গ) নং অনুচ্ছেদ (কপি সংযুক্ত-৪) লঙ্ঘন হইয়াছে মর্মে নিম্ন স্বাক্ষরকারীর অভিযোগ।

অতএব মহোদয়ের নিকট আকুল আবেদন অনুগ্রহ পূর্বক গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধান মালা-২০০৯ (সংশোধিত ২০১২) এর ১০নং ধারার (গ) নং অনুচ্ছেদ(কপি সংযুক্ত-৪) লঙ্ঘন করায় বিষয়টি সরেজমিন সুষ্ঠু তদন্ত সাপেক্ষে ভুয়া দাতা সদস্য মোঃ মোজাম্মেল হক এর নাম বাদ দিয়া প্রিজাইডিং অফিসার প্রদান করিতে জনাবের মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ নজরুল ইসলাম
মোঃ নজরুল ইসলাম
অভিভাবক সদস্য
নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।
মোবাঃ ০১৭২৪১২৩৪৬৭

তারিখ: ১৪/০৯/২০২৫ইং

বরাবর,

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
তদন্ত কর্মকর্তা
নাওড়া নাছিরিয়া দাখিল মদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।

বিষয় : <u>অভিযোগের তদন্ত কার্যক্রমে বক্তব্য প্রদান প্রসঙ্গে।</u>

জনাব,

আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ নজরুল ইসলাম, পিতা: মৃত হোসেন আলী সুফি, গ্রাম: নাওড়া, ডাকঘর: ধামশ্রেণি, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম। বিগত ২৫/০৮/২০২৫ইং তারিখে ভূয়া দাতা সদস্য বিষয়ে অভিযোগ করায় আপনি গত ১১/০৯/২০২৫ইং তারিখ আপনার কার্যালয়ে তদন্ত কার্যক্রম শুনানী করেন। উক্ত শুনানীর প্রেক্ষিতে অভিযোগকারী হিসাবে আমার লিখিত বক্তব্য নিম্নরূপ:

ক. অভিযোগকৃত ভূয়া দাতা সদস্যের পিতা: মৃত হোসেন আলী সুফি সাহেব প্রকৃত জমি দাতা ছিলেন বটে। কিন্তু বিধি মোতাবেক তাহার মৃত্যুর পর কোন ওয়ারিশবর্গ দাতা সদস্য হইতে পারেন না।

খ. এডহক কমিটি অনুমোদন হওয়ার পর অদ্যবধি সুপার সাহেব দাতা সদস্য প্রসঙ্গে কোন নোটিশ প্রদান করেন নাই।

গ. সুপার সাহেব জালিয়াতির আশ্রয় নিয়ে ভূয়া ভাউচারে মোঃ মোজাম্মেল হক এর নামে মদ্রাসার অন্যান্য তহবিলের টাকা জমা করা সম্পূর্ন মিথ্যা। যাহা ব্যাংক ষ্টেটম্যান্টে কোন প্রমাণিত নহে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন অনুগ্রহ পূর্বক আমার অভিযোগ সংক্রান্ত দাখিলকৃত তথ্যাবলি অত্র লিখিত বক্তব্যের প্রেক্ষিতে নাওড়া নাছিরিয়া দাখিল মদ্রাসার নিয়িমিত ম্যানেজিং কমিটি গঠনে ভূয়া দাতা সদস্য হিসাবে মোঃ মোজাম্মেল হককে অন্তর্ভুক্ত করা বিধি বহির্ভূত হওয়ায় ত্রুটিপূর্ণ ভোটার তালিকা বাতিল পূর্বক পূনরায় এডহক কমটি গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে আপনার মর্জি হয়।

Received
১৪/৯/২৫

বিনীত নিবেদক

মোঃ নজরুল ইসলাম

মোঃ নজরুল ইসলাম
অভিভাবক সদস্য
নাওড়া নাছিরিয়া দাখিল মদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।
মোবাঃ ০১৭২৪১২৩৪৬৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
উলিপুর, কুড়িগ্রাম।
seo.ulipur.kurigram.gov.bd

স্মারক নং -উমাশিঅ/উলি/কুড়ি/তদন্ত/২০২৫/২৫৯

তারিখঃ ২২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৫ খ্রিটাব্দ

বিষয় ঃ ম্যানিজিং কমিটি গঠনে ভূয়া দাতা সদস্য হিসাবে তালিকা অন্তর্ভুক্তির অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম মহোদয়ের ডকেট নং-২৩৬৮; তারিখ ঃ ২৫/০৮/২০২৫ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নজরুল ইসলাম কর্তৃক স্বাক্ষরিত অত্র উপজেলাধীন নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনে ভূয়া দাতা সদস্য হিসেবে জনাব মোঃ মোজাম্মেল হক অর্ন্তভূক্ত করা হয়েছে মর্মে অত্র মাদ্রাসার সুপার জনাব মোঃ আব্দুর রাজ্জাক এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগের ভিত্তিতে নোটিশের মাধ্যমে উভয় পক্ষকে গত ১১/০৯/২০২৫ খ্রিঃ উপর্যুক্ত প্রমাণাদিসহ উপস্থিত হয়ে তদন্ত কাজে সহযোগিতা করার জন্য বলা হয়। প্রমাণাদি বিশ্লেষন করে দেখা যায় যে, মাদ্রাসাটি প্রতিষ্ঠা লগ্ন হইতে দাতা সদস্য হিসেবে মরহুম হোসেন আলী সুফি ১৯৮৮ সাল পর্যন্ত ছিলেন। পরবর্তীতে অছিয়ত রেজুলেশনের মাধ্যমে মরহুমের জ্যেষ্ঠ পুত্র জনাব জনাব মোজাম্মেল হক ০১/০১/১৯৮৯ সাল হইতে ১২/০৫/২০২৫ সাল পর্যন্ত ধারাবাহিকভাবে দাতা সদস্য হিসেবে কমিটিতে অর্ন্তভুক্ত ছিলেন (কপি সংযুক্ত) এবং বিধি মোতাবেক দাতা সদস্য থাকার জন্য ব্যাংকে রশিদের মাধ্যমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা করেছেন। যেহেতু জনাব মোঃ মোজাম্মেল হক আজীবন দাতা সদস্য হিসেবে ছিলেন। যথাযথ প্রক্রিয়া দাতা সদস্য থাকায় ম্যানেজিং কমিটি গঠন করতে বাধা নাই। ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

(আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াহিদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

অনুলিপি ঃ
১। সুপার, নাওড়া নাছিরিয়া দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card



নাম
মোঃ নজরুল ইসলাম
Name
MD NAZRUL ISLAM
পিতা
হোসেন আলী সুফী
মাতা
মোছাঃ দেলজান বেগম
Date of Birth 01 Sep 1975
NID No. 460 803 6101

নজরুল

ঠিকানা: গ্রাম/রাস্তা: নাওড়া, ইউনিয়ন : ধামশ্রেণী,
ডাকঘর: ধামশ্রেনী - ৫৬২০, উলিপুর, কুড়িগ্রাম

Blood Group: O+ Place of Birth: KURIGRAM Issue Date: 11 Feb 2018

I<BGD460803610<17<<<<<<<<<<<<<
7509018M3302107BGD<<<<<<<<<<<4
ISLAM<<MD<NAZRUL<<<<<<<<<<<<<<